

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৫৯৭

আগরতলা, ২০ জুলাই, ২০২১

ঈদ-উল-জুহা উপলক্ষ্যে রাজ্যপালের শুভেচ্ছা

রাজ্যপাল সত্যদেও নারাইন আর্ষ ঈদ-উল-জুহা উপলক্ষ্যে ত্রিপুরাবাসীকে অভিনন্দন জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেন, ঈদ-উল-জুহা (বকরিদ) হচ্ছে মুসলিমদের জন্য এক আনন্দের উৎসব, বিশেষ প্রার্থনা জানানোর এবং শুভেচ্ছা ও উপহার আদানপ্রদানের উৎসব। ভারতবর্ষ তথা সারা পৃথিবীতে এই উৎসব পারম্পরিক রীতিনীতি ও আমোদপ্রমোদের মধ্যে দিয়ে পালন করা হয়। কোভিড-১৯ অতিমারীর নিরিখে রাজ্যপাল সবাইকে সামাজিক দূরত্ব বজায় রেখে এই উৎসব পালনের আহ্বান জানিয়েছেন। এই উপলক্ষ্যে তিনি রাজ্যবাসীর জন্য সুখী ও সমৃদ্ধ জীবনও কামনা করেন।
